

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২২৪.৩১.০০১.২১.১৬

তারিখ: ৪ ভাদ্র ১৪২৮

১৯ আগস্ট ২০২১

বিষয়: বিসিএস (প্রশাসন) ক্যাডারের সকল কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের পোষ্টিং সংক্রান্ত তথ্যাদি PMIS-এ হালনাগাদকরণ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি) কর্তৃক বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত সকল কর্মকর্তা এবং উপ-সচিব ও তদুর্ধ্ব পর্যায়ের অন্যান্য ক্যাডার কর্মকর্তাগণের চাকরি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি পিএমআইএস ডাটাবেইজে সংরক্ষণ করা হয়। কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় উক্ত তথ্য ব্যবহার করা হয়ে থাকে। পিএমআইএস ডাটাবেইজে সংরক্ষিত তথ্যাবলি পর্যালোচনা করে দেখা যায় যে, অনেক কর্মকর্তার পোষ্টিং সংক্রান্ত তথ্য হালনাগাদ না থাকায় সরকারি কার্যক্রম সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

০২। উল্লেখ্য, কর্মকর্তাগণের যোগদানপত্রের পৃষ্ঠাংকন, অব্যাহতিপত্র পিএসিসি-তে যথাসময়ে প্রেরণ না করার ফলে সংশ্লিষ্ট কর্মকর্তার বদলী/পদায়নকৃত পদ, সঠিক যোগদানের তারিখ ও পূর্ব পদের অব্যাহতির তারিখ এন্ট্রি করা সম্ভব হয় না। একারণে উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদামত কর্মকর্তাদের বিভিন্ন পদে দায়িত্ব পালনের মেয়াদ সঠিকভাবে সরবরাহ করা যাচ্ছে না।

০৩। বর্ণিত প্রেক্ষিতে, বিসিএস(প্রশাসন) ক্যাডারের সকল কর্মকর্তা এবং উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের অন্যান্য ক্যাডার কর্মকর্তাগণকে তাদের বদলীকৃত পদে যোগদান পত্রের পৃষ্ঠাংকন কপি এবং পূর্বতন কর্মস্থল থেকে অব্যাহতি পত্রের অনুলিপি পিডিএস-এ হালনাগাদের স্বার্থে তাৎক্ষণিকভাবে সিনিয়র সিস্টেম এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে pmis@mopa.gov.bd ই-মেইলও প্রেরণ করা যাবে।

০৪। পিডিএস-এ তথ্য হালনাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া, তথ্য হালনাগাদ কিংবা ভুল তথ্য প্রদান করলে এর দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তার উপরই বর্তায় বিধায় সকল কর্মকর্তাগণকে স্ব-উদ্যোগে তথ্যাদি হালনাগাদ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-৮-২০২১

মুহাম্মদ হাফিজুর রহমান

সিনিয়র সিস্টেম এনালিস্ট

ফোন: ৯৫৪০৪৮৫

ইমেইল: ssa@mopa.gov.bd

বিতরণ :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (অধীনস্থ সকল কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৪) বিভাগীয় কমিশনার (সকল) (অধীনস্থ সকল কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৫) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ,

জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

৬) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), লোক প্রশাসন  
কম্পিউটার কেন্দ্র (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয়  
অবগতির জন্য)

৭) জেলা প্রশাসক (সকল) (অধীনস্থ সকল কর্মকর্তাকে  
অবহিতকরণের অনুরোধসহ)।

৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৯) কম্পিউটার অপারেশন সুপারভাইজার, কম্পিউটার  
অপারেশন সুপারভাইজার এর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়  
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)